

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ওয়েবসাইট : www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৪/২০১৫

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪২২
৩০ জুলাই, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ/চিহ্নিতকরণ ও চিহ্নিত ঝুঁকি মোকাবেলায় কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রণীত গাইডলাইন্স জারীকরণ প্রসঙ্গে।

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড নির্ধারণকারী প্রতিষ্ঠান Financial Action Task Force (FATF) এর ১ নম্বর সুপারিশে প্রতিটি দেশের আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠান যেমন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বিমা কোম্পানী, সিকিউরিটিজ মার্কেট ইন্টারমিডিয়েরিজ ও Designated Non Financial Businesses and Professions (DNFBPs) কে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণপূর্বক উক্ত ঝুঁকি মোকাবেলায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের উল্লেখ রয়েছে। এদিকে, মানিলভারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এর ২১(১) নম্বর বিধি মোতাবেক প্রতিটি রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাদের ঝুঁকি নিরূপণপূর্বক তা ব্যবহার/বাস্তবায়নের পূর্বে অনুপূঞ্জ পর্যালোচনার জন্য বিএফআইইউতে প্রেরণ করার আবশ্যিকতা রয়েছে।

২। আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিজ নিজ প্রতিষ্ঠানের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি মোকাবেলায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে “[Money Laundering and Terrorist Financing Risk Assessment Guidelines for Financial Institutions](https://www.bb.org.bd/bfiu/bfiu_lawguidelist.php)” প্রণয়ন করা হয়েছে যা মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ (১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো। গাইডলাইন্সটি বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (https://www.bb.org.bd/bfiu/bfiu_lawguidelist.php) হতে ডাউনলোড করা যাবে।

৩। আলোচ্য গাইডলাইন্সটির আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নিজ নিজ প্রতিষ্ঠানের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ/চিহ্নিত করণপূর্বক চিহ্নিত ঝুঁকি মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে Risk Assessment Report প্রণয়নকরত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে আগামী ৩১ আগস্ট, ২০১৫ তারিখের মধ্যে এ ইউনিটে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

৪। আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রণীত Risk Assessment Report এ চিহ্নিত ঝুঁকি ও তা মোকাবেলায় গৃহীতব্য কার্যকর ব্যবস্থা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক “Managing Core Risks of Financial Institutions” এর আওতায় প্রণীত ‘Guidance Notes on Prevention of Money Laundering and Terrorist Financing’ এর হালনাগাদকরণে ইনপুট হিসেবে ব্যবহৃত হবে। উল্লেখ্য, আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উক্ত Guidance Notes টি আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮